

## পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায় - ঈশ্বর ও নবীগণ বিষয়ক অশোভনীয়তা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৬. ১. ১০. অনুশোচনা!

ঈশ্বর অনুশোচনা ও অনুতাপ করেন বলে বাইবেলে বলা হয়েছে। ইংরেজি রিপেন্ট (repent) শব্দটির অর্থ অনুশোচনা, অনুতাপ, দুঃখিত হওয়া, পথ পরিবর্তন করা (be sorry, change ways) ইত্যাদি। বাইবেলের নতুন নিয়মে যোহন বাপ্তাইজক, যীশু ও তাঁর প্রেরিতগণ মানুষদেরকে রিপেন্ট (Repent) করতে নির্দেশ দিয়েছেন। বাংলা বাইবেলে এর অর্থ লেখা হয়েছে: 'মন ফেরাও'। কিতাবুল মোকাদ্দসে: তাওবা কর। (মথি ৩/৩; ৪/৭; মার্ক ১/১৫; ৬/১২; লূক ১৩/৩; ১৩/৫; ১৬/৩০; ১৭/৩; ১৭/৪; প্রেরিত ২/৩৮; ৩/১৯; ৮/২২; ১৭/৩০; ২৬/২০) এরূপ মন ফেরানো বা তাওবা করা বাইবেলে ঈশ্বরের ক্ষেত্রেও বলা হয়েছে। যদিও বাইবেলেই বলা হয়েছে য়ে, ঈশ্বর মানুষ নন; কাজেই তিনি রিপেন্ট (repent) অর্থাৎ অনুতাপ বা অনুশোচনা করতে পারেন না (১ শমূয়েল ১৫/২৯)। কিন্তু এর ঠিক বিপরীতে এ কর্মটিই ঈশ্বরের ক্ষেত্রে বলা হয়েছে। মানুষ সৃষ্টি করার পর যখন মানুষেরা পাপ করতে থাকে তখন তিনি মানুষ সৃষ্টি করে ভুল করেছেন জেনে অনুশোচনা করেন এবং মনের ব্যথায় কষ্ট পেতে থাকেন (And it repented the LORD that he had made man on the earth, and it grieved him at his heart) (আদিপুন্তক ৬/৬-৭)। তিনিই তালুত বা শৌলকে ইহুদিদের রাজা এবং 'মসীহ' বা অভিষিক্ত (Christ) বানান। রাজা হওয়ার পরে ঈশ্বরের এ 'মসীহ' অন্যায় করলে ঈশ্বর অনুশোচনা করেন (১ শমূয়েল ১৫/১১, ৩৫)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14273

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন